১ মিনিটেই খেল ৫০ ঝাল মরিচ!

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: পৃথিবীর প্রায় সব দেশেই নানা রকম উৎসব হয়। এসব উৎসবে অংশগ্রহণও থাকে বেশ নজর কাড়ার মতো। ভিন্ন রকম এক উৎসব চলছে চীনের হুনান প্রদেশে। বার্ষিক মরিচ উৎসব নামে সেখানে চলছে মরিচ খাওয়ার প্রতিযোগিতা।

মরিচপ্রিয় মানুষ এই প্রতিযোগিতায় অংশ নিচ্ছেন। দেশটির ন্যানচিয়াং শহরের থিম পার্কে ব্যতিক্রমী উৎসবের আয়োজন করা হয়েছে। এবার দ্বিতীয়বারের মতো উৎসবটি উদ্যাপন করা হচ্ছে। এতে প্রতিযোগিতায় অংশ নিয়ে ৫০টি ঝাল মরিচ ৬৮ সেকেন্ডে খেয়ে বিজয়ী হয়েছে স্থানীয় ছেলে তং শুয়াইহুই। এই কৃতিত্বের জন্য সে ৩ গ্রাম ওজনের ২৪ ক্যারেট সোনার মুদ্রা পুরস্কার পেয়েছে।

এনডিটিভি জানিয়েছে, গত সোমবার চিকিৎসকদের উপস্থিতিতে প্রতিযোগিতায় ১০ জন প্রতিযোগী অংশ নেয়। প্রত্যেকের প্লেটে ৫০টি করে লাল রঙের টাবাসকো ব্র্যান্ডের ঝাল মরিচ রাখা হয়। তং শুয়াইহুই ৬৮ সেকেন্ডে মরিচগুলো খেয়ে সাবাড় করে।

প্রতিযোগিতার প্রত্যক্ষদর্শী ও থিম পার্কের কর্মী সান মাইনিং বলেন, চোখের পলকে মরিচগুলো খেয়ে ফেলে ছেলেটি।

সিচুয়ান, ক্যান্টোনিজসহ অন্যান্য ঐতিহ্যসমৃদ্ধ খাবারে এই মরিচ ব্যবহৃত হয়। এই মরিচের ব্যবহারে সুস্বাদু হওয়ার পাশাপাশি খাবারের রং আকর্ষণীয় হয়। আগস্টের শেষ পর্যন্ত এই মরিচ উৎসব চলবে। উৎসবে প্রতিদিন থাকবে তরতাজা মরিচ খাওয়ার প্রতিযোগিতা।

নিউজবিডি৭১/আর/১২ জুলাই, ২০১৮